# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরয সালাতের পর আল্লাহর কাছে তাঁর যিকির, তাঁর শুকরিয়া আদায় ও তাঁর উত্তম ইবাদত করতে পারার জন্য তাঁর কাছে সাহায্য কামনা করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِسُؤَالِ الْعَبْدِ رَبَّهُ جَلَّ وَعَلَا أَنْ يُعِينَه عَلَى ذِكْرِهِ وَشُكْرِهِ وَعِبَادَتِهِ فِي عقب صلاته

আরবী

2018 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حدثنا إسحاق بن إبراهيم قال: أخبرنا المقرىء قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ قَالَ: سَمِعْتُ عُقْبَةَ بْنَ مسلم التجيبي يقول: حدثني أبو عبد الرحمن الحبلي عن الصنابحي عن معاذ بن جبل: إن رسول الله صلى الله عليه وسلم أَخَذَ بِيَدِهِ يَوْمًا فَقَالَ: (يَا مُعَاذُ إِنِّي وَاللَّهِ لَأُحِبُّكَ) فَقَالَ مُعَاذٌ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللَّهِ وَأَنَا وَاللَّهِ أُحِبُّكَ فَقَالَ (أُوصِيكَ يَا مُعَاذُ لَا تَدَعْ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ أَنْ تَقُولَ: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ)
وَأَوْصَى بِذَلِكَ مُعَاذُ بْنُ جَبَلٍ الصُّنَابِحِيَّ وَأَوْصَى بِذَلِكَ الصُّنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ وَأَوْصَى بِهِ أَبُو عَبْدِ الرَّحْمَنِ عقبة بن مسلم
الراوي : معاذ بن جبل | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2018 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1362)

বাংলা

২০১৮. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরেন তারপর বলেন, “হে মুয়ায, আল্লাহর কসম, আমি তোমাকে ভালবাসি।” তখন মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আপনার জন্য আবার বাবা মা কুরবান হোক! আল্লাহর কসম, নিশ্চয়ই আমিও আপনাকে ভালবাসি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে মুয়ায, আমি তোমাকে অসিয়ত করছি যে, তুমি প্রত্যেক সালাতের পর এটা বলা ছেড়ে দিবে না: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ (হে আল্লাহ,

আপনি আমাকে সাহায্য করুন আপনার যিকির করতে, আপনার শুকরিয়া আদায় করতে এবং আপনার উত্তম ইবাদত করতে)।”[1]

মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু এই করতে সুনাবিহীকে অসিয়ত করেন, সুনাবিহী আবূ আব্দুর রহমানকে, আবূ আব্দুর রহমান উকবাহ বিন মুসলিমকে এই ব্যাপারে অসিয়ত করেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৪৪-২৪৫; আবূ দাঊদ: ১৫২২; তাবারানী: ২০/১১০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৫১; হাকিম: ১/২৭৩; নাসাঈ: ৩/৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন